ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৬৩২

আগরতলা, ৩০ আগস্ট, ২০২৫

**জিরানীয়া হরিজয় চৌধুরী গ্রাম পঞ্চায়েতে**
**বীমা ও অন্যান্য যোজনা বিষয়ে সচেতনতা শিবির**

জিরানীয়া ব্লকের হরিজয় চৌধুরী গ্রাম পঞ্চায়েত ও ত্রিপুরা গ্রামীণ ব্যাঙ্কের জিরানীয়া শাখার উদ্যোগে গতকাল হরিজয় চৌধুরী গ্রাম পঞ্চায়েত কার্যালয় প্রাঙ্গণে জনসুরক্ষায় প্রধানমন্ত্রী জীবন সুরক্ষা বীমা যোজনা ও অন্যান্য যোজনা বিষয়ে একদিনের সচেতনতামূলক শিবির অনুষ্ঠিত হয়। হরিজয় চৌধুরী গ্রাম পঞ্চায়েত প্রধান সমর কান্তি দাসের সভাপতিত্বে অনুষ্ঠিত এই শিবিরে উপস্থিত ছিলেন নাবার্ডের ডিজিএম দিগন্ত কুমার দাস, ত্রিপুরা গ্রামীণ ব্যাঙ্কের চেয়ারম্যান সত্যেন্দ্র সিং এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। নাবার্ডের ডিজিএম দিগন্ত কুমার দাস, ত্রিপুরা গ্রামীণ ব্যাঙ্কের চেয়ারম্যান সত্যেন্দ্র সিং এবং ইনস্টিটিউশনাল ফিনান্স ডেভেলপমেন্ট অফিসার শান্তনু ঘোষ শিবিরে জন সুরক্ষামূলক প্রধানমন্ত্রী সুরক্ষা বীমা যোজনা, প্রধানমন্ত্রী জীবনজ্যোতি বীমা যোজনা, অটল পেনশন যোজনা এবং পিএম জনধন যোজনাগুলি নিয়ে বিস্তারিত আলোচনা করেন। এছাড়া শিবিরে সংশ্লিষ্ট গ্রাম পঞ্চায়েতের প্রধানমন্ত্রী জীবনজ্যোতি বীমা যোজনার উপভোক্তার নমিনী কৃষ্ণধন শর্মাকে ২ লক্ষ টাকার চেক দেওয়া হয়। ক্যাম্পে গ্রামবাসীগণ অংশগ্রহণ করেন এবং তাদের ব্যাঙ্ক অ্যাকাউন্টের রি-কেওয়াইসি করান।

********